বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 14 JUL 1995
পৃষ্ঠা ৫ কলাম ৩

দৈনিক সংবাদ

27

# শিক্ষা অফিসারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

নোয়াখালী, ১৩ জুলাই ( জেলা বার্তা পরিবেশক)।– নোয়াখালী সদর থানা শিক্ষা অফিসার বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের রেজিস্ট্রেশন ও শিক্ষকদের নামে বরাদ্দকৃত সরকারি অনুদানের টাকা প্রদানের ক্ষেত্রে দুর্নীতির আশ্রয় নিয়েছেন বলে অভিযোগ করা হয়েছে।

নোয়াখালী সদর থানায় দু'শতাধিক বেসরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। বিদ্যালয়গুলোর রেজিস্ট্রেশন প্রদানে থানা শিক্ষা অফিসার দুর্নীতির আশ্রয় নিয়ে রেজিস্ট্রেশন দিচ্ছে আর নিরাপরাধ ও নিরীহ শিক্ষকদের কাছ থেকে হাজার হাজার টাকা হাতিয়ে নিচ্ছে।

দুর্নীতিবাজ এই শিক্ষা অফিসারের সৃষ্ট পরিস্থিতির শিকার হয়েছেন নোয়াখালী প্রাথমিক বিদ্যালয়ের ৪ জন শিক্ষক। ১৯৯২ সালে স্কুলটি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে মোঃ মতিউর রহমান ও মোঃ খলিলুর রহমানসহ কয়েকজন শিক্ষক ছাত্রছাত্রীদের শিক্ষা দিয়ে আসছিলেন। পরবর্তীতে তাদের কয়েকজন বিভিন্ন জায়গায় চলে গেলেও উল্লেখিত দু'জন শিক্ষক অদ্যাবধি এই স্কুলটিতে শিক্ষা দান করে চলছেন। পরবর্তীতে উক্ত দু'জন শিক্ষকের চাকরি ১লা জানুয়ারি '৯২ হতে বৈধকরণে সর্বসম্মত সিদ্ধান্ত হয়। সে অনুযায়ী তাদের সুপারিশমালা উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পেশ করে। সরকারি মঞ্জুরি হিসেবে উক্ত স্কুলের ৪ জন শিক্ষকের নামে জুলাই '৯৪ হতে ডিসেম্বর '৯৪ পর্যন্ত ৬ মাসের বেতন হিসেবে প্রত্যেকের নামে ৩ হাজার টাকা করে বরাদ্দ দেয়া হয়। কিন্তু এ বরাদ্দকৃত সরকারি অনুদানের টাকা থেকে নোয়াখালী সদর থানা শিক্ষা অফিসার অর্ধেক টাকা উৎকোচ দাবি করে। শিক্ষকগণ তা দিতে অস্বীকার করলে থানা শিক্ষা অফিসার তাদের অনুদান স্থগিত রাখার নির্দেশ দেন। এমনিভাবে বিভিন্ন ছল-চাতুরি করে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের হয়রানি করছেন বলে অভিযোগ করা হয়।